

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪০৮

আগরতলা, ১৮ অক্টোবর, ২০২৩

শারদোৎসব উপলক্ষে গণবন্টন ব্যবস্থায় খাদ্য সামগ্রী ও বিনামূল্যে ক্যানভাস ব্যাগ  
বিভ্রান্তিমূলক সংবাদে বিশ্বাস না করতে রাজ্যবাসীর প্রতি খাদ্যমন্ত্রীর আহ্বান

আসন্ন দুর্গোৎসব উপলক্ষে গণবন্টন ব্যবস্থার মাধ্যমে চিনি, ডাল, ময়দা, সুজি ও আটা ভর্তুকি মূল্যে ভোক্তাদের প্রদান করা হচ্ছে। পাশাপাশি শারদীয়া উৎসবের উপহার হিসেবে এই সমস্ত খাদ্য সামগ্রীর সাথে বিনামূল্যে একটি ক্যানভাস ব্যাগও প্রদান করা হচ্ছে। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী এ সংবাদ জানান। তিনি জানান, আসন্ন দুর্গাপূজা উৎসব উপলক্ষে এই সমস্ত খাদ্য সামগ্রী ও বিনামূল্যে ক্যানভাস ব্যাগ প্রদান নিয়ে কোনও কোনও মহল থেকে বিভ্রান্তিমূলক সংবাদ পরিবেশন করা হচ্ছে। এই ধরনের সংবাদে বিভ্রান্ত না হতে ও বিশ্বাস না করতে রাজ্যবাসীর প্রতি খাদ্যমন্ত্রীর আহ্বান জানিয়েছেন। তিনি জানান, আসন্ন উৎসবের দিনগুলিতে রাজ্যের ২,০৫৬টি রেশনশপের মাধ্যমে ভোক্তাদের ১ কেজি চিনি, ১ কেজি ডাল, ২ কেজি ময়দা, ৫০০ গ্রাম সুজি, ৫০০ গ্রাম আটা ভর্তুকি মূল্যে প্রদান করা হচ্ছে। সঙ্গে বিনামূল্যে ১টি করে ক্যানভাস ব্যাগও ভোক্তাদের দেওয়া হচ্ছে। গত ১০ অক্টোবর রবীন্দ্র ভবনে এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর হাত ধরে এই কর্মসূচির সূচনা হয়। গত ১-৯ অক্টোবরের মধ্যে যারা এই সমস্ত খাদ্য সামগ্রী রেশনশপ থেকে ইতিমধ্যেই নিয়ে গেছেন তারা শুধু বিনামূল্যে ক্যানভাস ব্যাগটি রেশনশপ থেকে পাবেন।

খাদ্যমন্ত্রী জানান, রাজ্যে প্রথমবারের মতো গণবন্টন ব্যবস্থায় খাদ্য দপ্তর সরিষার তেল প্রদান করার উদ্যোগ নিয়েছে। এ লক্ষ্যে ইঞ্জিন, ইমামি ও লংতরাই কোম্পানিকে টেন্ডারের মাধ্যমে নির্বাচন করা হয়েছে। ভর্তুকিতে ভোক্তাগণ ১১৩ টাকা মূল্যে এই সরিষার তেল পাবেন। খাদ্যমন্ত্রী জানান, বর্তমান রাজ্য সরকার দায়িত্ব গ্রহণ করার পর রাজ্যের গণবন্টন ব্যবস্থাকে শক্তিশালী করার উদ্যোগ নিয়েছে। রাজ্যের প্রকৃত ভোক্তারা যাতে তাদের রেশন সামগ্রী রেশনশপ থেকে সংগ্রহ করতে পারেন তারজন্য গণবন্টন ব্যবস্থাকে ডিজিটাইজেশন করা হয়েছে। এছাড়াও রাজ্যের ৬০০টি রেশনশপকে মডেল রেশনশপ হিসেবে গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে। আসন্ন দুর্গাপূজা উপলক্ষে খাদ্য দপ্তরের ৬৩৫ জন শ্রমিককে ২ হাজার টাকা করে পূজা অনুদান দেওয়া হয়েছে। সাংবাদিক সম্মেলনে খাদ্য দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারী উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*